

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ বিভাগ
মিরপুর-২, ঢাকা-১২১৬

স্মারক নং ৩৮.০১.০০০০.৬০০.২৫.২৮.১৯-৬৮৫

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৬
০৯ ডিসেম্বর ২০১৯

বিষয়: ইউআরসি/টিআরসিতে বিষয়ভিত্তিক (ইংরেজি) প্রশিক্ষণ আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি৪) এর আওতায় ২০১৯-২০২০ অর্থবছরে সকল ইউআরসি/টিআরসিতে ০৬(ছয়) দিন ব্যাপি বিষয়ভিত্তিক (ইংরেজি) প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং এ লক্ষ্যে ইতোমধ্যে তাঁর অনুকূলে প্রয়োজনীয় অর্থ ছাড় করা হয়েছে।

২। বিষয়ভিত্তিক (ইংরেজি) প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত উক্ত প্রশিক্ষণ পরিকল্পনা এবং বাজেট বিভাজনের কপি এ সঙ্গে প্রেরণ করা হল ও নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণপূর্বক যথাযথভাবে প্রশিক্ষণ পরিচালনা করার জন্য অনুরোধ করা হল।

ক) নিম্নবর্ণিত সময়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। কোন কারণে সময় পরিবর্তন করতে হলে তা প্রশিক্ষণ বিভাগকে অবহিত করে পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

- ১ম ব্যাচ: - ০৪/০১/২০২০ - ০৯/০১/২০২০
- ২য় ব্যাচ: - ১১/০১/২০২০ - ১৬/০১/২০২০
- ৩য় ব্যাচ: - ১৮/০১/২০২০ - ২৩/০১/২০২০।

খ) উপজেলা/থানা শিক্ষা অফিসার শিক্ষকের নাম, পদবী ও অন্যান্য তথ্যাদি উল্লেখ পূর্বক বিষয়ভিত্তিক (ইংরেজি) প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ব্যাচওয়ারী মনোনয়ন প্রদান করবেন। ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর ইংরেজি বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহণকারী শিক্ষকগণের তথ্য প্রতি ব্যাচে প্রশিক্ষণ চলাকালীন উপজেলা/থানা শিক্ষা অফিসারের সঙ্গে সমন্বয় পূর্বক Training Tracking Software এ এন্ট্রি করবেন। তথ্য এন্ট্রি জনিত কোন সমস্যা হলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইএমডি বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

গ) বিষয়ভিত্তিক (ইংরেজি) প্রশিক্ষণে প্রতি ব্যাচে ৩০ জন শিক্ষক প্রশিক্ষণার্থী হিসাবে অংশগ্রহণ করবেন। কোন অবস্থাতেই একজন শিক্ষক একাধিকবার উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না এবং একটি বিদ্যালয় হতে একই ব্যাচে একাধিক শিক্ষককে মনোনয়ন দেয়া যাবে না।

ঘ) প্রতিদিন সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত প্রশিক্ষণ পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীদের সকাল ৮.৩০ ঘটিকায় প্রশিক্ষণ ভেন্যুতে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

ঙ) উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ বিষয়ভিত্তিক ইংরেজি (ToT) কোর্সে শুধুমাত্র B বা তদুর্ধ্ব গ্রেড প্রাপ্ত ০২(দুই) জন প্রশিক্ষককে ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণের সাথে আলোচনাক্রমে প্রশিক্ষকের দায়িত্ব প্রদান করবেন। বিশেষ ক্ষেত্রে ছাড়া একজন প্রশিক্ষক পরপর দু'ব্যাচে প্রশিক্ষকের দায়িত্ব পালন করবেন না।

চ) প্রশিক্ষকগণ প্রশিক্ষণ বিভাগ কর্তৃক সরবরাহকৃত প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী প্রশিক্ষণ পরিচালনা করবেন। ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ প্রশিক্ষণ শুরুর পূর্বেই প্রশিক্ষণ পরিচালনার প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করে নির্ধারিত দিনে সরবরাহ করবেন।

ছ) ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর/দায়িত্বপ্রাপ্ত ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করবেন। উল্লেখ্য, কোর্স-কোঅর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালনের সময় একই ব্যক্তি অন্য কোন প্রশিক্ষণের প্রশিক্ষক/কো-অর্ডিনেটর/প্রশিক্ষণার্থী/সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না।

জ) প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণ শেষে গ্রেড ভিত্তিক মূল্যায়ন করে মূল্যায়ন প্রতিবেদন ডিপিইও/সুপারিনটেনডেন্ট/ইউইও/টিইও এর নিকট প্রেরণ করতে হবে। একইভাবে প্রশিক্ষকগণেরও মূল্যায়ন করতে হবে।


ঝ) আলোচকের সম্মানী ও খাবার ভাতা সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার প্রাপ্য হবেন।

ঞ) প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকগণ সরকারি বিধি মোতাবেক টিএ প্রাপ্য হবেন।

ট) প্রশিক্ষণের সমাপনী দিনে সকল অংশগ্রহণকারীকে প্রশিক্ষণে অংশগ্রহণ সম্পর্কিত সনদপত্র প্রদান করতে হবে।

ঠ) ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ আলোচ্য প্রশিক্ষণের জন্য আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং তিনি যে কোন আর্থিক অনিয়মের জন্য ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

সংযুক্তি: বাজেট বিভাজনের কপি।


মোঃ জোবায়েরুর রহমান
পরিচালক (প্রশিক্ষণ)
ফোন: ৫৫০৭-৪৯৪৬

ইন্সট্রাক্টর, ইউআরসি/টিআরসি
উপজেলা/থানা রিসোর্স সেন্টার(সকল)।

অনুলিপি:

- ১। পরিচালক, প্রশাসন/প্রোগ্রাম/পলিসি ও অপারেশন/পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ ও সংগ্রহ/ মনি: ও মূল্য, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
- ২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
- ৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা..... (সকল বিভাগ)।
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার.....(সকল জেলা)।
- ৫। সুপারিনটেনডেন্ট..... (সকল) পিটিআই (সংশ্লিষ্ট ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....(সকল জেলা)।
- ৭। উপজেলা/থানা শিক্ষা অফিসার.....উপজেলা/থানা.....জেলা (প্রশিক্ষণে মনোনয়ন প্রদান করার সময় নব জাতীয়করণকৃত বিদ্যালয়ের শিক্ষকদের অগ্রাধিকার দিতে হবে এবং প্রতি ব্যাচে ৩০ জন শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে যথা সময়ে ডেপুটেশন প্রদান করার জন্য অনুরোধ করা হলো)।
- ৮। উপজেলা/থানা হিসাব রক্ষণ কর্মকর্তা.....উপজেলা/থানা।
- ৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। অফিস কপি।